



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখ: ২১ মার্চ ২০১৮ খ্রি:

ববি উপাচার্যের শোক প্রকাশ

বিশিষ্ট জনস্বাস্থ্য বিজ্ঞানী, পুষ্টি বিশেষজ্ঞ ও ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পাবলিক হেলথ বিভাগের প্রতিষ্ঠাতা প্রধান অধ্যাপক শাহ মোহাম্মদ কেলামত আলী এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। এক শোক বার্তায় উপাচার্য মহোদয় বলেন, অধ্যাপক শাহ মোহাম্মদ কেলামত আলী এর মৃত্যুতে দেশ একজন বিশিষ্ট পুষ্টি বিশেষজ্ঞ ও শিক্ষানুরাগী ব্যক্তিত্ব কে হারালো, যে শূন্যতা অপূরনীয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতাকালে উপাচার্য মহোদয় অধ্যাপক শাহ মোহাম্মদ কেলামত আলীর ঘনিষ্ঠ সহচার্যে আসেন এবং একসঙ্গে পানিতে আর্সেনিক দূষণের উপর কাজ করেন। উপাচার্য মহোদয় তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন এবং তাঁর রুহের মাগফিরাত কামনা করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস